দৈনিক ইত্তেফাক

তারিখ 18 JUN 2015
পৃষ্ঠা ১৪ কলাম ৬

# মনোয়ারা মাহমুদা মাদ্রাসা ২৭ বছরেও এমপিও হয়নি

■ নাঙ্গলকোট (কুমিল্লা) সংবাদদাতা

নাঙ্গলকোট উপজেলা সদরে স্থাপিত মনোয়ারা মাহমুদা বালিকা দাখিল মাদ্রাসাটি দীর্ঘ ২৭ বছরেও এমপিওভুক্ত হয়নি। এতে মাদ্রাসায় কর্মরত শিক্ষক-কর্মচারীরা পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন।

নাঙ্গলকোটের সাবেক এমপি ডা. এ কে এম কামারুজ্জামান ৭৫ শতক জমিনের উপর নিজেদের উদ্যোগে বালিকা মাদ্রাসাটি প্রতিষ্ঠা করেন। মাদ্রাসাটি ১৯৮৮ সালে এবতেদায়ী এবং ২০০১ সালে বালিকা দাখিল চালু করে। প্রতিষ্ঠার পর থেকে মাদ্রাসাটি নারীদের অনন্য শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এ মাদ্রাসায় বর্তমানে ৩ শতাধিক শিক্ষার্থী অধ্যয়ন করছে। কর্মরত আছেন ১১ জন শিক্ষক ও ২ জন কর্মচারী। দু'কক্ষের ১টি পাকা ভবন এবং ২টি টিনশেড ঘরে চলছে শিক্ষা কার্যক্রম। মাদ্রাসাটি এমপিওভুক্ত না হওয়ায় ইতিমধ্যে বেশ কয়েকজন শিক্ষক-কর্মচারী চাকরি ছেড়ে চলে গেছেন। প্রতিষ্ঠার পর থেকে মাদ্রাসার শিক্ষার্থীরা ভালো ফলাফল অর্জন করে আসছে।

মাদ্রাসা পরিচালনা কমিটির সদস্য, পৌর মেয়র একেএম মনিরুজ্জামান খান বলেন, মাদ্রাসার অবকাঠামোগত সকল সুবিধা ভালই আছে। তবে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক-কর্মচারীরা মানবেতর জীবনযাপন করছেন। তিনি ধর্মীয় শিক্ষায় নারীদের অগ্রগতির লক্ষ্যে মাদ্রাসাটি এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়েছেন।